

## বিদ্যমান আমদানি

নীতি আদেশ, ২০০৯-২০১২  
অনুযায়ী রঞ্জনিমূর্খী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক  
আমদানির ক্ষেত্রে কি কি বিধান  
অনুসরণযোগ্য?

রঞ্জনিমূর্খী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পণ্যাদি আমদানি -

(ক) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে  
নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঝণপত্রের ভিত্তিতে বড়  
লাইসেন্সধারী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-  
ব্যাক ঝণপত্রের বিপরীতে বাংলাদেশ গার্নেন্টস  
ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টস এসোসিয়েশন  
(বিজিএমইএ) কর্তৃক জারিকৃত ইউটিলাইজেশন  
ডিক্লারেশন (ইউডি)তে অনুমোদিত পরিমাণের

কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি করতে পারবে, তবে ছে-কাপড় ছাড়া অন্যান্য কাপড় আমদানির  
ক্ষেত্রে কেবল ১৮.২৯ মিঃ বা তদুর্ধ পরিমাণ নিয়মিত ও অবিচ্ছিন্ন থান কাপড় আমদানি করা যাবে;  
(খ) তৈয়ারী পোশাক শিল্পের অধীনে দফা (ক)তে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে রঞ্জনি আদেশ সম্পাদনের  
জন্য বিনামূল্যে (অন নো কস্ট বেসিস) কতিপয় শর্তাবলী পালন সাপেক্ষে কাঁচামাল আমদানি করতে  
পারবে;

(গ) নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঝণপত্রের ভিত্তিতে বড় লাইসেন্সধারী স্পেশালাইজড ট্রেন্টাইল  
শিল্পসমূহ ব্যাক-টু-ব্যাক ঝণপত্রের বিপরীতে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণে কাঁচামাল ও  
মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্ত্যুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করতে পারবে;

(ঘ) নিশ্চয়কৃত ও অপ্রত্যাহারযোগ্য ঝণপত্রের ভিত্তিতে বড় লাইসেন্সধারী হোসিয়ারী ও নিট পোশাক প্রস্তুতকারী  
শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঝণপত্রের বিপরীতে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণের কাঁচামাল  
ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্ত্যুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করতে পারবে;

(ঙ) বড়েড ওয়্যার হাউজ পদ্ধতির অধীনে পরিচালিত অন্যান্য সকল সেক্টরের স্থানীয় প্রস্তুতকারী ও  
রঞ্জনিকারক শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঝণপত্রের বিপরীতে উহাদের কাঁচামাল ও মোড়ক  
সামগ্রী আমদানি করতে পারবে এবং এইরূপ সরাসরি রঞ্জনিকারক ও প্রচন্ড রঞ্জনিকারক উভয়ের  
ক্ষেত্রেই প্রযোজ্য হবে;

(চ) প্রচন্ড রঞ্জনিমূর্খী শিল্পের ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক ঝণপত্রের বিপরীতে বড়েড ওয়্যার হাউজের মাধ্যমে  
কাঁচামাল আমদানি করতে পারবে;

(ছ) বড়েড ওয়্যার হাউজ পদ্ধতির আওতায় পরিচালিত কেবল ১০০% রঞ্জনিমূর্খী শিল্প প্রতিষ্ঠান ব্যাক-টু-  
ব্যাক ঝণপত্রের বিপরীতে অথবা মাস্টার রঞ্জনি ঝণপত্র এবং ব্যাক-টু-ব্যাক এলসি ছাড়াই শুল্কাত  
ক্রেতা কর্তৃক নিশ্চিত চুক্তির বিপরীতে চার মাসের প্রয়োজনীয় কাঁচামাল এবং মোড়ক সামগ্রী রিভলভিং  
পদ্ধতিতে আমদানি করতে পারবে;

(জ) উপ-অনুচ্ছেদ (চ) এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রচালিত বিধান অনুযায়ী রঞ্জনি ঝণপত্র ছাড়াও  
চুক্তির বিপরীতে ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সাইট বা ইউজেন্স ঝণপত্রের মাধ্যমে কাঁচামাল  
আমদানি করতে পারবে;

(ঘ) বড় লাইসেন্সধারী ১০০% রঞ্জনিমূর্খী অলংকার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য অনুমোদিত  
উপকরণ আমদানির ক্ষেত্রে ঝণপত্র না খুলে আমদানিকৃত উপকরণ শুল্ক কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ  
সাপেক্ষে খালাস করতে পারবে;

(ঙ) পোষাক শিল্প কারখানায় ব্যবহারের উদ্দেশ্যে কাঁচামাল ও মূলধনী ব্যৱপাতি আমদানির ক্ষেত্রে ঝণপত্র  
প্রতিষ্ঠা ব্যতিরেকে মূল্যসীমা নির্বিশেষে আমদানি করা যাবে।